145925 - যদি কোন নারী জুমার দিন যোহরের নামায আদায় করেন তিনি কি যোহরের সুন্নত নামায পড়বেন?

প্রশ্ন

যেমনটি সুবিদিত যে, নারীর জন্য নিজ ঘরে নামায আদায় করা মসজিদে নামায আদায় করার চেয়ে উত্তম; এর মধ্যে জুমার নামাযও রয়েছে। এটাও সুবিদিত যে, নারী জুমার পরিবর্তে যোহরের নামায আদায় করবেন; যদি জামাতে হাযির না হন। আমার প্রশ্ন হলো: যদি কোন নারী জুমার বদলে যোহরের নামায আদায় করে সে ক্ষেত্রে যোহরের সুন্নত নামাযগুলো আদায় করা কী সমীচীন; যেগুলো যোহরের নামাযের সাথে সম্পৃক্ত; যেমনটি প্রতিদিন সে করে থাকে? নাকি জুমার দিনের বিধান ভিন্ন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

নারীদের উপর জুমার নামায ফরয নয়। তবে, কোন নারী যদি মসজিদে যায় এবং জুমার নামায আদায় করে তাহলে সেটা যোহরের পরিবর্তে যথেষ্ট হবে।

স্থায়ী কমিটির আলেমগণ বলেন:

“যদি কোন নারী ইমামের সাথে জুমার নামায আদায় করেন তাহলে তা যোহরের স্থলাভিষিক্ত হবে। অতএব, তার জন্য আর সেইদিনের যোহরের নামায পড়া জায়েয হবে না। আর যদি সে একাকী নামায আদায় করে; তাহলে সে যোহরের নামাযই পড়বে। তার জন্য জুমার নামায পড়ার সুযোগ নেই।”[সমাপ্ত]

আর যদি সে জুমার দিন নিজ ঘরে যোহরের নামায আদায় করে সেক্ষেত্রে যোহরের আগের ও পরের সুন্নত নামাযগুলো আদায় করবে; যেভাবে প্রতিদিন করে থাকে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।